

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৯১(আগরতলা, ০৬।০২)
উদয়পুর, ০৬ ফেব্রুয়ারী, ২০১৮

উদয়পুরে ১০-১৪ ফেব্রুয়ারী
পোস্টাল ব্যালটে ভোট

উদয়পুর মহকুমার অন্তর্গত নির্বাচনের কাজে নিযুক্ত ভোট কর্মীদের আগামী ১০ থেকে ১৪ ফেব্রুয়ারী পর্যন্ত যারা ১২নং ফর্ম জমা দিয়েছেন তারা পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দেবেন। ১০ ও ১১ ফেব্রুয়ারী সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত কিরিট বিক্রম ইনস্টিটিউটে নির্বাচনের কাজে নিযুক্ত সকল স্তরের ভোটকর্মী পোস্টাল ব্যালটে ভোট দেবেন। ১২ ও ১৩ ফেব্রুয়ারী সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত উক্ত স্থানে ভোটের কাজে নিযুক্ত নিরাপত্তা কর্মীরা এবং ১৪ ফেব্রুয়ারী সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত উক্ত স্থানে ড্রাইভার ও অন্যান্য কর্মীরা ভোট দেবেন। রিটার্নিং অফিসার তথা উদয়পুর মহকুমা শাসক সুভাষী বন্দোপাধ্যায় এ সংবাদ জানান।
